

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১১৫

খোয়াই, ১৯ মার্চ, ২০২৫

খোয়াইয়ে প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা বিষয়ে বৈঠক অনুষ্ঠিত

খোয়াই মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে আজ প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা বিষয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। মহকুমা শাসক চারু ভার্মা বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠকে মহকুমা শাসক চারু ভার্মা প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় সব অংশের জনগণকে সতর্ক ও সচেতন থাকার আহ্বান জানান। বৈঠকে উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের ডিজাষ্টার ম্যানেজমেন্টের প্রোগ্রাম অফিসার সংগীতা সরকার, খোয়াই ব্লকের অতিরিক্ত বিডিও নেপাল নাথ, মহকুমা অগ্নিনির্বাপক আধিকারিক অমল দেববর্মা সহ টিএসআর, আরক্ষা, পূর্ত, ডিডব্লিওএস, জলসম্পদ, শিক্ষা, বন, বিদ্যুৎ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।
